



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ প্রতিটি পদের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেলে ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের হোমিও ইউনিটের শূন্য পদসমূহ পূরনের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	হোমিও মেডিকেল অফিসার ৩৫,৫০০-৬৭,০১০/-	৩ (তিন)টি	প্রার্থীকে বি.এইচ.এম.এস পাশ এবং স্বাস্থ্য অধিদপ্তরের রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। প্রার্থীকে চিকিৎসা কেন্দ্রে বা অনুরূপ প্রতিষ্ঠানে অন্ততঃ ৩ (তিন) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/গ্রেড/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য নয়। হোমিও মেডিকেল অফিসার পদের যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে সহকারি মেডিকেল অফিসার নিয়োগ করা যেতে পারে।
২।	হোমিও সহকারী মেডিকেল অফিসার টাঃ-১৬,০০০-৩৮,৬৪০/-	১(এক) টি	প্রার্থীকে স্নাতক পাশসহ ডি.এইচ.এম.এস পাশ এবং বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/গ্রেড/সমমান সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ, সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৪-০৫-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২য় তলা কক্ষ নং-২০৩) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

Signature
20/8/18